

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, এপ্রিল ১৬, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

মন্ত্রিপরিষদ বিভাগ

প্রজ্ঞাপন

ঢাকা, ৩০ চৈত্র ১৪২০/১৩ এপ্রিল ২০১৪

নম্বর-০৮.২২১.০১৪.০০.০৫.০১৯.২০১০.৫৬৪—জাতীয় শুদ্ধাচার উপদেষ্টা পরিষদের নির্বাহী কমিটির প্রথম সভার (৩ সেপ্টেম্বর ২০১৩) সিদ্ধান্ত অনুসারে সরকার জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে ভূমি ব্যবস্থাপনার মানোন্নয়নের লক্ষ্যে নিম্নরূপ একটি উপকমিটি গঠন করিয়াছে :

২। উপকমিটির গঠন:

- | | | |
|---|---|------------|
| ১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ | - | সভাপতি |
| ২. সিনিয়র সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয় | - | সদস্য |
| ৩. সিনিয়র সচিব, ভূমি মন্ত্রণালয় | - | সদস্য |
| ৪. সচিব, আইন ও বিচার বিভাগ | - | সদস্য |
| ৫. মহাপরিচালক, ভূমি জরিপ ও রেকর্ড অধিদপ্তর | - | সদস্য |
| ৬. অতিরিক্ত সচিব (শৃঙ্খলা ও আইন), জনপ্রশাসন মন্ত্রণালয় | - | সদস্য |
| ৭. বিভাগীয় কমিশনার, ঢাকা বিভাগ | - | সদস্য |
| ৮. অতিরিক্ত সচিব (প্রসওৰা), মন্ত্রিপরিষদ বিভাগ | - | সদস্য-সচিব |

(১২৮২৯)

মূল্য : টাকা ৮.০০

৩। কমিটির কার্যপরিধি:

- (ক) জাতীয় শুদ্ধাচার কৌশলের আলোকে ভূমি ব্যবস্থাপনার বিদ্যমান চ্যালেঞ্জসমূহ চিহ্নিতকরণ এবং সেগুলি সমাধানের উপায় নির্ধারণ;
 - (খ) ভূমি ব্যবস্থাপনার সঙ্গে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানসমূহের কার্যক্রম পরিবীক্ষণ;
 - (গ) সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে ভূমি ব্যবস্থাপনার মানোন্নয়ন সম্পর্কে প্রয়োজনীয় পরামর্শ প্রদান;
 - (ঘ) এ বিষয়ে স্টেকহোল্ডারদের সঙ্গে মতবিনিময় এবং নাগরিক সন্তুষ্টি পরিবীক্ষণ; এবং
 - (ঙ) ভূমি ব্যবস্থাপনার মানোন্নয়নের লক্ষ্যে প্রাচলিত সরকারি নীতি, আইন ও বিধি পর্যালোচনা এবং প্রয়োজনবোধে এগুলি সংশোধনের জন্য প্রয়োজনীয় সুপারিশ প্রদান।
- ৪। উপকমিটি তিন মাস পরপর সভায় মিলিত হইবে এবং প্রয়োজনে এ বিষয়ের সঙ্গে সংশ্লিষ্ট কোন কর্মকর্তা বা বিশেষজ্ঞকে সভায় আমন্ত্রণ জানাইতে পারিবে।
- ৫। জনস্বার্থে এই আদেশ জারি করা হইল এবং তাহা অবিলম্বে কার্যকর হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

এন এম জিয়াউল আলম
অতিরিক্ত সচিব (প্রসওবা)